উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭- ৯৬৪ (৪০) তারিখ-২৪/০৯/২০২৪ খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.৩০ টায় উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্ত।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বিষয়ক আলোচনা।
৪। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে।
৫। বিবিধ আলোচনা।

24/09/24

(মোঃ ডালিম সরকার)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০৫৩২৫-৭৩০০৯

প্রাপকঃ ..................................................

..................................................
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৪। অফিস কপি।

CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-৯৬৪(৪০)

তাং-২৪/০৯/২০২৪ খ্রিঃ।

| ক্রঃনং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. 2 | উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01739179763 | |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01902009322 | |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ০৫. | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01717-977120 | |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ০৭. | উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর | 01772681794 | |
| ০৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01774316928 | |
| ০৯. | অফিসার্স ইনচার্জ বোচাগঞ্জ থানা | | |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01717051187 | |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। | 01518756353 | |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01718593855 | |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01796845470 | |
| ১৪. | উপজেলা বন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01718-711025 | 24/09/24 |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01766727766 | ২৪/৭/২৪ |
| ১৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | 24/7/24 |
| ১৮. | উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ১৯. | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | ০১৭৪০৬০৭৮১১ | |
| ২০. | ইউডিফ-ইউজিডিপি বোচাগঞ্জ, দিনাজপুর। | 01783124690 | |
| ২১. | উপজেলা বরেন্দ্র কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | 01798832869 | ২৪/০৭/২০২৪ |
| ২২. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক , বোচাগঞ্জ, দিনাজপুর | 01794902495 | ২৪/০৭/২৪ |
| ২৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ২৪. | উপজেলা তথ্য আপা, বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ২৫. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ২৬. | আবাসিক প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর। | 01755-584960 | ২৪/৭/২৪ |
| ২৭. | পল্লী বিদ্যুৎ সমিতি, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ২৮. | মো: [illegible] ইসলাম -[illegible] | 24/07/24 | |

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-৯৬৪(৪০) তাং-২৪/০৯/২০২৪ খ্রিঃ।

| ক্রঃনং | নাম ও পদবী | মোবাইল নং | গ্রহণকারীর স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | প্রশাসক, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর। | 01723070020 | ২৪/০৯/২৪ |
| ০২. | জনাব মোঃ শাহনেওয়াজ পারভেজ, চেয়ারম্যান, ১ নং নাফানগর ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৩. | জনাব উৎপল রায় বুলু, চেয়ারম্যান, ২ নং ঈশানিয়া ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৪. | জনাব মোঃ ওয়াক্কাস কাঞ্চন, চেয়ারম্যান, ৩ নং মুশিদহাট ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | 01703072968 | |
| ০৫. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী জামান, চেয়ারম্যান, ৪ নং আটগাঁও ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | ০১৭০৭১৯৮২২৩ | |
| ০৬. | জনাব মোঃ হাবিবুর রহমান হাবু, চেয়ারম্যান, ৫ নং ছাতই ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ০৭. | জনাব নিমাই চন্দ্র দেব শর্মা, চেয়ারম্যান, ৬ নং রনগাঁও ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | ০১৭৪৫৬৮৭৭২৫০ | |
| ০৮. | | | |
| ০৯. | | | |
| ১০. | | | |
| ১১. | | | |

উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর সেপ্টেম্বর/২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ ডালিম সরকার
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ২৫/০৯/২০২৪ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.৩০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিক 'খ' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর সভা পরিচালনা করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>গত-২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | গত-২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ,বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | সভায় উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল দপ্তর প্রধানগণ। |

উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ

| | | | |
|---|---|---|---|
| ০৩. | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ ১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় আগস্ট/২০২৪ খ্রিঃ মাসের অফিস আপ্যায়ন বাবদ ব্যয়=৩৮,০০০/-টাকা। ০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অফিস আনুষাঙ্গিক বাবদ ব্যয় আগস্ট/২০২৪ খ্রিঃ মাসের=৫,০০০/- টাকা। ০৩। উপজেলা পরিষদ কার্যালয়ের মালী এর আগস্ট/২০২৪ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে ব্যয় (৩০দিন×৫৫০)= ১৬,৫০০/- টাকা। ০৪। উপজেলা পরিষদ কার্যালয়ের সুইপার/ পরিচ্ছন্নকর্মী এর আগস্ট/২০২৪ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (৩০দিন×৫৫০)=১৬,৫০০/- টাকা। ০৫। ১৪৩১ বাংলা সনের অত্র উপজেলা পরিষদের হাট বাজারের ইজারাকৃত ৪১% অর্থ ইউপি সচিবগণের বেতন ভাতা বাবদ জেলা প্রশাসক বরাবর প্রেরন=৩,৭২,১২৪/- টাকা মাত্র। ০৬। ১৪৩১ বাংলা সনের অত্র উপজেলা পরিষদের হাট বাজারের ইজারাকৃত ৪১% অর্থ ইউপি হিসাব সহকারীগণের বেতন ভাতা বাবদ জেলা প্রশাসক বরাবর প্রেরন=২,০২,২৫৯/- টাকা মাত্র। ০৭। ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ চত্তরে পানির লাইন মেরামত বাবদ বিল=২৫,০০০/- টাকা মাত্র। ০৮। ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ চত্তরে পানির লাইন মেরামত বাবদ বিল=২৫,০০০/- টাকা মাত্র। ০৯। উপজেলা পরিষদ এর পাজেরো জীপগাড়ী নং দিনাজপুর-ঘ-১১-০০৫৫ এর টুকিটাকি মেরামত বাবদ বিল=২৫,০০০/- টাকা মাত্র। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৪. | উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ<br>সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সভায় উপস্থাপিত প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | মোট প্রকল্প সংখ্যা | চলমান | সমাপ্ত | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | উপজেলা সম্প্রসারিত কমপ্লেক্স ভবন ও হলরুম নির্মান | ০১ | - | ০১ | ১০০% | |
| ২ | আরসিআইপি প্রকল্পের আওতায় সেতাবগঞ্জ সুগারমিল হতে নাওয়াভিটা হাট হতে মাহেরপুর হাট জিসি পর্যন্ত রাস্তা মেরামত কাজ। | ০১ | - | ০১ | ১০০% | |
| ৩ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় বড় ধরনের মেরামত | ০৪ | - | ০৪ | ১০০% | |



১

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় রির্সোস সেন্টার মেরামত | ০১ | - | ০১ | ১০০% |
| ৫ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণ | ০২ | - | ০২ | ১০০% |
| ৬ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় সীমান প্রাচীর ও গেট নির্মাণ | ০৭ | ০৭ | - | ১০০% |
| ৭ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী- ৩ এর আওতায় হাজী মোহাম্মদ তোফাজ্জল হক সঃ প্রাঃ বিদ্যালয়ের ভবন নির্মাণ | ০১ | - | ০১ | ১০০% |
| ৮ | বৃহত্তর রংপুর বিভাগীয় প্রকল্প (RDRIIP-2) (২০২৩-২০২৪)। | ০৩ | ০৩ | - | ৩০% |
| ৯ | অগ্রাধিকার ভিত্তিতে পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (IRIDP-3) | ১৩ | ০৬ | ০৭ | ৫০% |
| ১০ | জরুরী রক্ষনাবেক্ষন (GOBM) (২০২৩-২৪) | ০২ | - | ০২ | ১০০% |
| ১১ | CBU প্রকল্পের আওতায় সুয়া ব্রিজ নির্মাণ | ০১ | - | ০১ | ১০০% |
| ১২ | RADARDP প্রকল্পের আওতায় কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ | ০১ | - | ০১ | ১০০% |
| ১৩ | EDC প্রকল্পের আওতায় জয় ডি-সেন্টার নির্মাণ | ০১ | ০১ | - | ২০% |
| ১৪ | SupRB প্রকল্পের আওতায় ৩০মিঃ গার্ডার ব্রিজ নির্মাণ ও বক্স কালভার্ট মেরামত | ০১ | ০১ | - | ৯০% |
| ১৫ | বৃহত্তর দিনাজপুর জেলা প্রকল্প (GDDRIDP) | ১০ | ০৭ | ০৩ | ২০% |
| ১৬ | সার্বজনিন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GSDP-2) | ১৩ | ২ | ১১ | ৮০% |
| ১৭ | উপজেলা শহর (নন মিউনিসিপাল) প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট নির্মাণ | ০৩ | ০৩ | - | ২০% |
| ১৮ | সিআরএমআইডিপি প্রকল্পের আওতায় গোপেন সাহার হাট উন্নয়ন | ০১ | - | ০১ | ১০০% |
| ১৯ | VRRP (২০২৩-২০২৪)। | ০২ | ০১ | ০১ | ৪০% |
| ২০ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) (২০২৩-২৪) | ৩২ | - | ৩২ | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, টেলি মেডিসিন সেবা চলছে। গত সপ্তাহে ২৮ রুগীকে দেখানো হয়েছে। আগামী ২২ তারিখে বিনা মুল্যে পোটেবল এক্সরে করা হবে। ৫ থেকে ৯ বছরের শিশুকে ভেকসিন দেওয়া হবে। টেলিমেডিসিন সেবা কেন্দ্র চালু হয়েছে। অত্র বোচাগঞ্জ বাসিকে সেবা গ্রহণ করার জন্য অনুরোধ জানান । যদি কোন কনসালটেন্টকে কেউ দেখাতে চান তাহলে যে কোন সময় দেখাতে পারবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২০২৪ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৫,৫৬২ জন, গ্রহণকারী=২৯,৩৪৮ জন, সি.এ.আর ৮২.৫৩% গর্ভবতী সংখ্যা=৮২৫ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধীকার ভিত্তিতে জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর । |

| ক্রঃনং | পদ্ধতির নাম | সেবা গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | ০৩ জন | |
| ০২. | আইইউডি | ১৯ জন | |
| ০৩. | ইমপ্লান্ট | ৩৫ জন | |
| ০৪. | খাবার বড়ি (সুখী/আপন) | ১৮৭ জন | |
| ০৫. | কনডম | ১৩০ জন | |
| ০৬. | ইনজেকশন | ১৮৪ জন | |
| ০৭. | গর্ভকালীন সেবা | ২৮৬ জন | |
| ০৮. | ডেলিভারী সেবা | ১২৭ জন | |
| ৯. | প্রসবোত্তর সেবা | ১৫২ জন | |
| ০৯. | প্রসবোত্তর সেবা | ১৫২ জন | |
| ১০. | শিশু সেবা (০-৫৯) | ৩৫৫ জন | |
| ১১. | সাধারন রোগী সেবা (পুরুষ+মহিলা) | ১,৪১৬ জন | |
| ১২. | পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) | ১,৫৮৭ জন | |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খরিপ/২ মৌসুমে রোপা আমন লক্ষ্যমাত্রা ১৬৫৮৫ হেক্টর। অর্জন হয়েছে ১৬৫৯০ হেক্টর যার মধ্যে উফশী ১৫৯৯৪ হেক্টর ও হাইব্রিড ৫৯৬ হেক্টর। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রোপা আমন আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১৬০০ জন ক্ষুদ্র | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ ভাবে ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |

(চলমান পতা-২)

| | | | |
|---|---|---|---|
| | ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে এবং তা রোপন ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে এবং তা রোপন সম্পন্ন হয়েছে। আগামীতে খাদ্য ও পুষ্টির চাহিদা নিশ্চিতকরণ ও স্মার্ট কৃষি বিনিমার্ণের নিমিত্তে বিভিন্ন প্রকল্পের আওতায় ১২০টি সবজি ও ফল প্রদর্শনীর বিভিন্ন উপকরণ কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে এবং বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। | নির্দেশনা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮. | <u>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর</u> ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন খানা এবং গবাদি পশুর খামারে খুরা এবং লাম্পি স্কিন ডিজিজ রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং বিভিন্ন এলাকায় গবাদি পশুতে কুকুরের কামরে উপদ্রব ও বৃদ্ধি পেয়েছে। এসকল রোগ প্রতিরোধে গবাদি পশুতে প্রাণী সম্পদ অধিদপ্তর প্রদত্ত টিকা প্রদান করা হয়েছে যা পর্যাপ্ত নয়। এমতাবস্থায় বিষয়টি গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিষদ এর এডিপি বাজেট বরাদ্দ থেকে নিম্নলিখিত ছক মোতাবেক টিকা ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ প্রদান এবং আশু পদক্ষেপ নেওয়ার নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উল্লেখিত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

"ছক"

| ক্রমিক নং | রোগের নাম | টিকার নাম | প্যাক সাইজ | চাহিদা | প্রতি ভায়াল এর মূল্য(টিকা) | মোট মূল্য(টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | জলাতংক | Rabisin | ১ মিলি ভায়াল | ৭০০ ভায়াল | ১১৫/- | ৮০৫০০/- |
| ২ | ক্ষুরা | Aftovaxpur | ৫০মিলি ভায়াল | ৪০ ভায়াল | ৪৮৪০/- | ১৯৩৬০০/- |
| ৩ | লাম্পি স্কিন ডিজিজ | BovivaxLSD | ২০ মিলি ভায়াল | ৫০ ভায়াল | ২২৮০/- | ১১৪০০০/- |
| | | | | | মোট | ৩৮৮১০০/- |

| | | | |
|---|---|---|---|
| ০৯. | <u>উপজেলা মৎস্য দপ্তরঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে কেরালগাঁও এবং বাজনিয়া বিলে ০২টি বিল নার্সারী স্থাপন করা হয়। যাহার উৎপাদিত পোনা গত জুলাই/২০২৪ মাসে বিলে উন্মুক্ত করা হয়। পোনার আকার ৪- সেঃমিঃ এবং সংখ্যা (১+১)=২ লক্ষ)। এ ছাড়াও ২০২৪-২০২৫ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় উন্মুক্ত জলাশয় টাংগন নদীর মারা অংশে এবং ১৩টি প্রাতিষ্ঠানিক পুকুরে মোট ৩২২ কেজি পোনা মাছ অবমুক্ত করা হয় এবং অন্যান্য বিভাগীয় কর্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | সভায় বিস্তারিত আলোচনান্তে, ২০২৩-২০২৪ অর্থ বছরে অত্র উপজেলায় ০২টি বিল নার্সারী স্থাপন এবং উন্মুক্ত জলাশয় ও প্রাতিষ্ঠানিক পুকুরে মাছ অবমুক্ত করনসত মৎস্য দপ্তরে সকল সরকারী কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১০. | <u>উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিডাব্লিউবি কার্যক্রমঃ অত্র উপজেলার ০৬টি ইউনিয়নের ২০২৩-২০২৪ অর্থ বছরের (জানুয়ারি/২০২৩ হতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিডাব্লিউবি কার্ড সংখ্যা ২,২৫৮টি। ছয়টি ইউনিয়ন ব্যবস্থাপক ডাচ বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং সেতাবগঞ্জ শাখা, বোচাগঞ্জ, দিনাজপুর ১০ (দশ) টাকার হিসাব নং খোলা হয়েছে। ভিডাব্লিউবি জুন/২০২৪ হইতে চাল বিতরন চলমান। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ না পাওয়ায় জুলাই/২০২৪ ও আগস্ট/২০২৪ মাসের ভিডিব্লিউবি চাল বিতরন হয় নাই। ২। মা ও শিশু ভাতা প্রদান কর্মসূচীর আওতায় বহুল প্রচার করে অনলাইনে মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থ বছরের ১নং নাফানগর ইউনিয়ন প্রতি মাসে ২০জন ২০X১=২০ জন, ২নং ঈশানিয়া ইউনিয়ন প্রতি মাসে ২০ জন, ২০X১=২০ জন, ৩নং মুশিদহাট ইউনিয়নে প্রতি মাসে ২০ জন ২০X১=২০ জন, ৪নং আটগাঁও ইউনিয়নে প্রতি মাসে ২০ জন ২০X১=২০ জন , ৫নং ছাতইল ইউনিয়নে প্রতি মাসে২০ জন ২০X১=২০ জন ,৬নং রনগাঁও ইউনিয়নে প্রতি মাসে ২০ জন ২০X১=২০ জন বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নে জুন/২০২৪ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে। । ২০২৩-২০২৪ অর্থ বছরে মা ও শিশু বরাদ্দ পাওয়া যায় নাই। ০৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে সেতাবগঞ্জ পৌরসভা মা ও শিশু ভাত কর্মসূচীর আওতায় প্রতি মাসে ৪০জন ৪০X১=৪০ জনের বরাদ্দ পাওয়া গেছে। জুন/২০২৪ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।। ২০২৩-২০২৪ অর্থ বছরে মা ও শিশু বরাদ্দ পাওয়া যায় নাই ৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২০২৫ অর্থ বছরে জুলাই/২০২৪ হতে সেপ্টম্বর/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞাণ) বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৩)

| | | | |
|---|---|---|---|
| | প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২(দুই) টি ট্রেডে জানুয়ারি/২০২৩ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ০২(দুই) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের জন্য ১৭তম ও ১৮তম ব্যাচের ১। ক্রিস্টাল শো-পিচ ২। ফ্যাশান ডিজাইন কোর্সের কার্যক্রম মোট ৫০ জন প্রশিক্ষণার্থী কার্যক্রম শেষ হয়েছে নতুন করে প্রশিক্ষণার্থী ভর্তির নির্দেশনা পাওয়া যায় নাই। ৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট=৭ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল প্রকার সরকারী কাজ কর্ম এবং জনসাধারণের সেবাসমূহ পালনসহ প্রয়োজনীয় কার্যক্রম নিম্নের ছকে তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জনসাধারণের সেবাসমূহ পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

| ক্রমং | প্রকল্প/কর্মসূচীর নাম | সমিতি/দল | তহবিল প্রাপ্তি | প্রবৃদ্ধি | মোট তহবিল | ক্রমপুঞ্জিত বিতরণ | ক্রমপুঞ্জিত আদায় | মাঠে বকেয়া | আদায় হার | খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | আয়বর্ধক কৃষি কর্মসূচী | ০৪ টি | ৫৮.৬৮ | ৬.৬৮ | ৬৬.৯৬ | ৪১৬.০১ | ৩৫৪.১০ | ৬৬.৮১ | ১০০% | - |
| ২ | সমন্বিত কর্মসূচী | ৭০ টি | ৭২.৫০ | ৫.০২ | ৭৮.৮২ | ২৬৬.৫৬ | ১৮৮.৪১ | ৭৬.১০ | ৭৬% | ৫৮.৫৫ |
| ৩ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৬ | ৩৫.৪৫ | ০.৮৬ | ৩৬.৩১ | ১০৩.০৭ | ৬৪.১২ | ৩৮.৯৫ | ৬৩% | ৩২.১২ |
| ৪ | কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচী | - | ৪.১৮ | ০.০১ | ৪.৪৯ | ৯.০৬ | ৫.৬৪ | ৩.৪২ | ৭৫% | ১.৮৯ |
| ৫ | অগ্রাধান শস্য প্রকল্প | - | ৬৬.৫ | - | ৬৬.৫ | ১০৮.১২ | ৯১.৮০ | ৪৬.০২ | ৬৭% | - |
| | সর্বমোট= | ৩২ | ৮০.০০ | ০.৩২ | ৬৬.০৫ | ১৯৯.৯৭ | ৬৬.৬৭ | ৩৩.৩০ | ১০০% | - |

| | | | |
|---|---|---|---|
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৩. | উপজেলা সমাজসেবা দপ্তরঃ উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাত, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচি ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন ও নিজ নামে সিম পরিবর্তনের কাজ চলমান আছে সভায় আলোচনা করেন। (২) পল্লী ঋণ আদায় ও বিনিয়োগ এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে। (৩) আশ্রয়ন প্রকল্পের (মুরারীপুর মুক্তিযোদ্ধা আবাসন) ঋণ আদায় সন্তোষজনক না হওয়ায় উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর মহোদয় পত্র প্রেরণ করেছেন বিধায় সভায় অবহিত করেন এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান মহোদয়কে এ ব্যাপারে সহযোগীতার আহবান জানান সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম (৪) ২০২৪-২০২৫ অর্থবছরে ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত ৮টি বেসরকারী এতিমখানায় নিবাসীদের জন্য পৌর মেয়র/ সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান প্রদত্ত প্রত্যয়নপত্র সংরক্ষণ এবং নিবাসীদের ছবি সম্বলিত তথ্যসংশ্লিষ্ট এতিমখানার সভাপতি/সম্পাদক ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরিত জমাদানের বলা হয় এবং ১ম কিস্তির জুলাই, ২০২৪ হতে ডিসেম্বর,২০২৪ অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) এর জন্য সমন্বিত তালিকা জেলা সমাজসেবা কার্যালয়,দিনাজপুরে প্রেরণ করা হয়েছে বিস্তারিত আলোচনা করেন। (৫) সমাজকল্যাণ মন্ত্রনালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার/ কিডনী/ লিভার সিরোসিস/স্ট্রোকে প্যারালাইজড/ জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থবছরের নতুন আবেদন গ্রহন চলমান আছে। (৬) ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচি'র আওতায় বোচাগঞ্জ উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন/সেতাবগঞ্জ | সভায় বিস্তারিত আলোচনান্তে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা রংপুর বিভাগে নগদ এর মাধ্যমে বিতরণের জন্য হিসাবখোলার কার্যক্রম চলছে। প্রয়োজনীয় কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমানপাতা-৪-)

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পৌরসভার ভিক্ষুকদের হালনাগাদ জরিপের কাজ প্রক্রিয়াধীন আছে আলোচনা করেন। (৭) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ক্ষুদ্র জাতিসত্তা নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের দুঃস্থ/অসহায়/বয়স্ক/ প্রতিবন্ধী ব্যক্তিদের এককালীন অনুদান, গরিব, দুঃস্থ অসহায় কর্মহীন ও প্রতিবন্ধীদের অনুদান এবং ভিক্ষুক পুনর্বাসনের জন্য বরাদ্দ পাওয়া যায়। সেমতে ইউনিয়ন/পৌরসভায় পত্র প্রেরণ করার পর তালিকা পাওয়া গেছে উপকারভোগীর নির্বাচন প্রক্রিয়াধীন আছে আলোচনা করেন। (৮) প্রতিব্যক্তিদের পরিচয়পত্রের জন্য অনলাইনে এবং নির্ধারিত ফরমে আবেদন আবেদন চলমান আছে। সেমতে উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির জরিপকৃত ফরম যাচাই-বাছাই পূর্বক আবেদনকৃতদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের পর পরিচয়পত্র প্রদান করা হবে প্রক্রিয়াধীন আছে আলোচনা করেন। (৯) রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম,বোচাগঞ্জ, থাকায় অসহায় রোগীকে ঔষধ প্রদানের জন্য সহায়তা কার্যক্রম আছে। | | |
| ১৪. | <u>উপজেলা বন দপ্তর</u> ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১। বোচাগঞ্জ উপজেলার সংরক্ষিত বনভূমির পরিমাণ=১৮৪.৯৮ একর। ২। সামাজিক বনায়নের আওতায় স্ট্রিপ বাগানের পরিমাণ=৯৭.০০ কিঃ মিঃ। ৩। বোচাগঞ্জ উপজেলায় মোট ২৩টি করাত কল রহিয়াছে। তন্মধ্যে ১৯টির লাইসেন্স আছে বাকী ২টি প্রক্রিয়াধীন আছে। ৪। বর্তমানে বোচাগঞ্জ উপজেলায় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের গাছ কর্তন বিষয়ে আবেদনের মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ইহা ছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা বন কর্মকর্তাকে যথাযথ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৫. | <u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ</u> উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে ৬টি ইউনিয়নে মোট ১০৪ টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকূপ এবং ৫২টি সাবমারসিবল পাম্প এর কাজ চলমান রয়েছে। ২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বোচাগঞ্জ উপজেলায় সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে Community Based Water Supply Scheme এর স্থাপিত ১৮টি নলকূপের কাজ চলমান রয়েছে। ৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় ঈশানিয়া ইউনিয়নের ঈশানিয়া গ্রামের মালীপাড়া মহল্লায় Pipe Water scheme With 02 nos Test Tubewell, 02 nos production well, 01 nos pump house, 01nos R.C.C Over Head Water Tank, Mechanical Works, Electrical Works, Pipe Line/Water Distribution Network etc নির্মাণ কাজ চলমান। ৪। বোচাগঞ্জ উপজেলায় স্যানিটেশন কভারেজ ৯৫.০২%। শতভাগ স্যানিটেশন কভারেজ অর্জনের লক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে। ৫। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ৩০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৬. | <u>উপজেলা সমবায় দপ্তরঃ</u> ১। সমবায় সমিতি সংক্রান্তঃ অত্র উপজেলায় জুলাই/২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৩৯টি। সমিতিগুলো সরকারি উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেস্ব অর্থায়নে ৭৫ জন বেকার যুবক/যুবতি কর্মী কোন প্রকার ঋণ/অনদান ছাড়া ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা হিসাবে নিয়োগ দিয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ করা হয়েছে ২৫,৫৭,০০০/-টাকা । আদায় করা হয়েছে ১০,২১,০৩৯/- টাক। ঋণ আদায় কার্যক্রম চলমান এবং সরকারী রাজস্ব আদায় করা হয়েছে ৩২,৫১০/-টাকা। সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ২,৬১,৩১২/-টাকা। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, এত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৭. | <u>উপজেলা শিক্ষা দপ্তরঃ</u> সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় সঃপ্রাঃবিঃ ১৩২টি, প্রধান শিক্ষক ১৩২টি, কর্মরত-১১২ জন শুন্য-২০ টি, সহকারী শিক্ষক পদ-৬৬১টি কর্মরত ৫৮২ জন, শুন্য ৭৯ জন। উপজেলা সহকারী শিক্ষা অফিসারে পদ ৫টি ৫জন আছেন। তিনি আরও জানান যে, গত ০১ জুলাই ২০২৪ খ্রিঃ যোগদান করেছেন। এ উপজেলায় প্রতিমাসে ০৬ জন কর্মকর্তা মিলে মোট ৫৫টি বিদ্যালয় পরিদর্শন করা হয়। অর্থাৎ গড়ে প্রতি তিন মাসে ০১ বার কওে প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করা হয়। সভায় সকল দপ্তর প্রধানকে উপজেলা শিক্ষা অফিসার অনুরোধ করেন যে, আপনারা আপনাদেও দাপ্তরিক কাজে যখন বাইরে যাবেন তখন কোন সরকারী প্রাথমিক বিদ্যালয় সামনে পড়লে অবশ্যই বিদ্যালয়ে পর্দাপন করবেন এবং সার্বিক বিষয়ে খোজখবর নিবেন। আপনার যদি | সভায় বিস্তারিত আলোচনান্তে, সঠিকবাবে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা মিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। চলমান শৈত্য প্রবাহের কারণে প্রাথমিক বিদ্যালয় সমূহের শ্রেণি পাঠদান সর্ত সাপেক্ষে স্থগিত করার | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমানপাতা-৫-)

| | | | |
|---|---|---|---|
| | নিয়মিত বিদ্যালয়ে গমন করেন তাহলে আমাদের শিক্ষকরা শিশুদের পাঠদানে অনেক বেশি মনোযোগী হবেন এবং শিশুরা আপনাদের দেখে লেখাপড়ার প্রতি আরোবেশী মনোযোগী ও উৎসাহী হবেন বলে আমি মনে করি। তিনি আরো বলেন যে, মোসাম্মৎ শাম্মী আক্তার, পিতা- মোঃ বাবলু, মাতা- মোছাঃ সালেহা বেগম, শ্রেণী: ৩য়, সহষপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর শিশুটি পানিতে ডুবে মৃত্যুবরণ করেছেন। তিনি শিশুটির আত্মার মাগফেরাত কামনা করেন। | বিষয়টি ব্যপক প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | |
| ১৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমুহ বর্তমানে ভালো আছে কিন্তু কিছু কিছু স্কুলে সমস্য হচ্ছে আশাকরি দ্রুততারসাথে ভালো হয়ে যাবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |
| ১৯. | উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঘ.১. চলতি মাসে ঋণ বিতরণ হয়নি। শুধুমাত্র ঋণ আদায় ছক মোতাবেক দেখানো হল। | সভায় বিস্তারিত আলোচনান্তে, দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুনিজত |
|---|---|---|---|
| ১.১ | মোট বরাদ্দ | ------- | ৩৩৩৮৮০০/- |
| ১.২ | মোট বিতরণ | ------- | ৩৩৩৫৭৬০০/- |
| ১.৩ | আদায় যোগ্য | ২১৭৬০৯/- | ৩০৩২৩৫৪২/- |
| ১.৪ | আদায়কৃত | ২১৭৬০৯/- | ২৮৮৩২১০৩/- |
| ১.৫ | আদায়ের হার | ১০০% | ৯৫% |
| ১.৬ | ঋণীর সংখ্যা | ------- | ১৪২ জন |
| ১.৭ | ঋণ খেলাপী | ------- | ১৪৮৭২৬৯/- |
| ১.৮ | প্রশিক্ষণ | ------- | ১০৬৫৯ জন |
| ১.৯ | আত্নকর্ম | ------- | ১২৬৭৫ জন |
| ১.১০ | সংগঠন রেজিষ্টেশন | ------- | ৩৪টি |
| ১.১১ | জাতীয় যুব পুরুস্কার | ------- | ০২ জন |
| ১.১২ | একক পুরুস্কার | ------- | ০৭ টি |


| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুনিজত |
|---|---|---|---|
| ১.১ | মোট বরাদ্দ | ------- | ৩৩৩৮৮০০/- |
| ১.২ | মোট বিতরণ | ------- | ৩৩৩৫৭৬০০/- |
| ১.৩ | আদায় যোগ্য | ২১৭৬০৯/- | ৩০৩২৩৫৪২/- |
| ১.৪ | আদায়কৃত | ২১৭৬০৯/- | ২৮৮৩২১০৩/- |
| ১.৫ | আদায়ের হার | ১০০% | ৯৫% |
| ১.৬ | ঋণীর সংখ্যা | ------- | ১৪২ জন |
| ১.৭ | ঋণ খেলাপী | ------- | ১৪৮৭২৬৯/- |
| ১.৮ | প্রশিক্ষণ | ------- | ১০৬৫৯ জন |
| ১.৯ | আত্নকর্ম | ------- | ১২৬৭৫ জন |
| ১.১০ | সংগঠন রেজিষ্টেশন | ------- | ৩৪টি |
| ১.১১ | জাতীয় যুব পুরুস্কার | ------- | ০২ জন |
| ১.১২ | একক পুরুস্কার | ------- | ০৭ টি |


গ. কর্মসুচিঃ ২. পরিবার

| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুনিজত |
|---|---|---|---|
| ২.১ | মোট বরাদ্দ | ------- | ১১৩০৪০০০/- |
| ২.২ | মোট বরাদ্দ | ------- | ১০৫৩৮৪০০০/- |
| ২.৩ | আদায় যোগ্য | ১০৩৮০০/- | ১০২১৮২২১৪/- |
| ২.৪ | আদায়কৃত | ১০৩৮০০/- | ৯২৫৩৫৫৭২/- |
| ২.৫ | আদায়ের হার | ১০০% | ৯০.৪৬% |
| ২.৬ | ঋণীর সংখ্যা | ------- | ১৬৯৬৮ জন |

(চলমানপাতা-৬-)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২.৭ | ঋণ খেলাপী | | |
| গ. কর্মসূচিঃ ৩. জোরদারকরণ প্রকল্প (বর্তমানে বন্ধ) | | ....... | ৯৬৪৬৬৪২/- |
| ক্রমিক নং | বিবরণ | | |
| ৩.১ | মোট বরাদ্দ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুঞ্জিভূত |
| ৩.২ | মোট বিতরণ | ....... | ৪০০০০০/- |
| ৩.৩ | আদায় যোগ্য | ....... | ২০০০০০/- |
| ৩.৪ | আদায়কৃত | ....... | ২০০০০০/- |
| ৩.৫ | আদায়ের হার | ....... | ২০০০০০/- |
| | | ....... | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| ২০. | উপজেলা আনসার ভিডিপিঃ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও বলেন যে আনসার সদস্যগণ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ডিউটি করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২১. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২২. | উপজেলা পরিসংখ্যান দপ্তর ঃ সভায় জানান যে, ১০ বছর পর পর আমরা সুমারী করি। এবার অর্থনিতি সুমারী শুরু হবে নভেম্বর মাসে। জিডিপির ৩টি খাত রয়েছে। খাতগুলোতে কতগুলো জনবল রয়েছে তা গননা করা। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ এবং অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ অত্র উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৪. | সহকারী প্রোগ্রামারের কার্যালয়ঃ সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলার সকল দপ্তর প্রধানগণ যদি নিজনিজ দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখে তাহলে অত্র উপজেলার সকল মানুষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জরুরী সেবা পাবেন তাই সকল দপ্তর প্রধানগণকে ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার জন্য সভায় অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| ২৫. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সম্পর্কিত আলোচনা ঃ চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আসন্ন দূর্গাপুজা ভালোভাবে উদযাপন করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। সে সাথে সকল সামাজিক সহয়তা চালু করার জন্য অনুরোধ জানান। এবং অন্যান্য কাজগুলি সমন্বয় করে বা আলোচনার মাধ্যমে নিরসন করা যায়।<br>চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। জনসাধারনের সকল প্রকার কাজ চলমান রয়েছে। আসন্ন দূর্গাপুজা ভালোভাবে উদযাপন করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন ।<br>চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আমার ইউনিয়নে তেমন কোন সমস্যা নাই। আসন্ন দূর্গাপুজা ভালোভাবে উদযাপন করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন।<br>চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদের প্রতিনিধি সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। আসন্ন শারদীয় দূর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে সকলের সহযোগীত চান।<br>চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। আসন্ন শারদীয় দূর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে সকলের সহযোগীত চান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলার সকল ৬টি ইউনিয়ন পরিষদেও সকল প্রকার সজস্বার্থে কাজসমূহ এবং আসন্ন শারদীয় দূর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে সকলের সহযোগীতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণ, উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৭)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। আসন্ন শারদীয় দুর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে সকলের সহযোগীত চান। | | |
| ২৬. বিবিধ (খ) | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর সভায় জানান যে, জনাব সুরত চন্দ্র রায়, মালী, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর ও জনাব সাজন বাসফোর, সুইপার/পরিচ্ছন্ন কর্মি, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরদ্বয় গত-১৭/০৯/২০২৪ খ্রিঃ তারিখে আসন্ন শারদীয় দুর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে ২(দুই) টি উৎসব ভাতার জন্য আবেদন করেছে। আবেদনপত্র দুইটি সভায় উপস্থাপন করেন। সভায় সকল সদস্যগণ আবেদনপত্র দুইটি পর্যালোচনা করে বলেন যে মানবিকদিক বিবেচনা করে তাদেরকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দুইটি উৎসব ভাতা প্রদান করার জন্য সকল সদস্যগণ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের ২(দুই) জন দৈনিক মজুরি ভিত্তিতে কর্মচারীদ্বয়ের আসন্ন শারদীয় দুর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে ২(দুই) টি উৎসব ভাতার প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৬. বিবিধ (ক) | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর সভায় জানান যে, আসন্ন শারদীয় দুর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে উপজেলার কোথাও কোন প্রকার আইন শৃঙ্খলার অবনতি না হয় সে লক্ষ্যে সবাইকে একযোগে কাজ করার আহবান জানান। আসন্ন শারদীয় দুর্গাপুজা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে আইন শৃঙ্খলা বাহিনীসহ উপজেলার নিয়োগকৃত ট্যাগ কর্মকর্তাবৃন্দ সার্বিক সহযোগীতায় সর্বদা নিয়োজিত থাকবে। উপজেলার কোন দুর্গা মন্ডপে কোন দুস্কৃতিকারী আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে চাইলে তৎক্ষনাত তাকে আইনের হাতে তুলে দেওয়ার জন্য সবাইকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আসন্ন শারদীয় দুর্গাপুজা অক্টোবর/২০২৪ উদযাপন উপলক্ষে উপজেলার কোথাও কোন প্রকার আইন শৃঙ্খলার অবনতি না হয় সে লক্ষ্যে আইন শৃঙ্খলা বাহিনীসহ উপজেলার নিয়োগকৃত ট্যাগ কর্মকর্তাবৃন্দ সার্বিক সহযোগীতায় সর্বদা নিয়োজিত থাকার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর, বোচাগঞ্জ থানা, সভাপতি/সম্পাদক উপজেলার সকল পুজা মন্ডপ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের উপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৯/২৪
(মোঃ ডালিম সরকার)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০৫৩২৫-৭৩০০৯

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৯৭১(৪০) তারিখ ঃ ২৫/০৯/২০২৪ খ্রিঃ।

ক্রঃনং অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৫। প্রশাসক, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৬। উপজেলা.......................... ...........................................................কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর।
৮। চেয়ারম্যান..........................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
৯। সভাপতি/সম্পাদক, বোচাগঞ্জ প্রেসক্লাব।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস

২৫/০৯/২৪
(মোঃ ডালিম সরকার)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০৫৩২৫-৭৩০০৯